14

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 10 JUL 1995 ...
পৃষ্ঠা ৩ কলাম ২

## মেহেরপুরে ১৩ হাজার শিশু স্কুলে যায় না

মেহেরপুর সংবাদদাতা ।। মাঠ পর্যায়ে মনিটরিংয়ের অভাবে এই জেলায় স্কুল গমনোপযোগী ১৩ হাজার শিশু স্কুলে যাইতেছে না। একটি শিশু শিক্ষা জরিপে দেখা যায়, এই জেলার স্কুল গমনোপযোগী শিশুর সংখ্যা ১ লক্ষ ৮৯ হাজার ১১৮। ইহার মধ্যে মেহেরপুর সদর থানায় স্কুল গমনোপযোগী শিশুর সংখ্যা ৪৪ হাজার ১৬৮, স্কুলে যাইতেছে ৩৬ হাজার ৯৪৯জন শিশু। গাংনী থানায় ৪৫ হাজার ৪৮৮টির মধ্যে ২৬ হাজার ৫৩৫

( ৭ম পৃঃ দ্রঃ )

## মেহেরপুরে ১৩ হাজার

(৩য় পৃঃ পর)

জন শিশু স্কুলে প্রাথমিক শিক্ষা পাইতেছে।

জেলায় সরকারী-বেসরকারী ও অনিবন্ধিত মিলাইয়া মোট ২৭২ টি প্রাথমিক বিদ্যালয় রহিয়াছে। সদর থানায় রহিয়াছে ১৩২টি।

দারিদ্র্য, পরিবেশ ও সচেতনতার অভাবই শিশুদের স্কুলে না পাওয়ার মূল কারণ। গরীব পিতা-মাতা তাহাদের ছেলে-মেয়েদের স্কুলে পাঠাইবার পরিবর্তে বিড়ি ও তামাক কারখানায় এবং হোটেল রেস্তোরাঁয় কাজে লাগাইয়া দিয়া উপার্জিত আয় দ্বারা সংসার চালাইতে আগ্রহী।

SHEET ___ OF ___ SHEETS